সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং...
তারিখঃ 13/02/2020
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সভার তারিখ	২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২:৩১ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় অবহিত করেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা মোট ৬০টি। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত হলেও এ বিভাগের সাথে সংশ্লিষ্টতা নেই বিধায় ৩টি প্রকল্প বাস্তবায়ন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১টি প্রতিশ্রুতি অন্য মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিধায় সে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ছে।প্রতিশ্রুতিসমূহের বিপরীতে ৭৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ২৮টি প্রকল্প সম্পূর্নরূপে বাস্তবায়িত হয়েছে। ১৪টি প্রকল্প আংশিক বাস্তবায়ন করার প্রেক্ষিতে মাননীয় প্রধামন্ত্রীর প্রতিশ্রুত কার্যাদি সম্পন্ন হয়েছে। ফলে ৪২টি প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১১টি প্রকল্প চলমান রয়েছে। ৮টি প্রতিশ্রুতির বিপরীতে আংশিক বাস্তবায়নযোগ্য কাজও চলমান আছে। যে সকল প্রকল্পের কিছু কাজ অবশিষ্ট রয়েছে সেগুলোকে আংশিক বাস্তবায়িত হিসেবে গণ্য করা হয়েছে।

২. প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রম/ প্রকল্পের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৪২)	সভায় অবহিত করা হয় যে, এ প্রকল্পের অর্থায়নের বিষয়ে ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। নির্ধারিত ফরমেট অনুযায়ী দ্রুত প্রকল্প প্রস্তাব প্রণয়ন করার পুনঃনির্দেশনা দেয়া হয়।	অর্থায়নের বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং
২.২ মংলা নদীর উপর ঝুলন্ত ১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৭)	সভাকে জানানো হয় যে, সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডির সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।	এ প্রকল্পের অর্থায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন আকারে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং
২.৩ বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর **১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (ঝপঝপিয়া সেতু) নির্মাণ** (প্রতিশ্রুতি ক্রম ৩৮/খ)	সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত প্রকল্পটির অর্থায়নের জন্য Abu Dhabi Fund for Development (ADFD) আগ্রহী বলে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে জানা যায়। তদানুযায়ী ০৪/১০/২০১৮ তারিখে ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট প্রেরণ করা হয়েছে। দীর্ঘদিন অতিবাহিত হওয়ায় এ বিষয়ে কোন অগ্রগতি না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট প্রেরণের পর কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা পরবর্তী সভায় প্রতিবেদন আকারে পেশ করতে হবে।	সওজ অধিদপ্তর ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং

২.৪ পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৫০)	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের পিডিপিপি এ বিভাগে প্রেরণ করা হয়েছে। পিডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের পিডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং
২.৫ আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ১৪)	সভায় অবহিত করা হয় যে, ভূমি অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়ার পর ভূমি অধিগ্রহণের প্রস্তাব জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ঠিকাদারের সাথে কর্মপরিকল্পনা চূড়ান্ত করে প্রকল্পের অগ্রগতি কাঙ্খিত মাত্রায় অর্জন নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়।	ঠিকাদারের সাথে কর্মপরিকল্পনা চূড়ান্ত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
২.৬ সুনামগঞ্জ-মদনপুর-দিরাই- শাল্ল্যা-আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের শাল্ল্যা-জলশুকা অংশের সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ২১/গ)	সভায় জানানো হয় যে, প্রকল্পের দরপত্র আহবানের লক্ষ্যে প্রাক্কলন অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। প্রাক্কলন অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত টেন্ডার আহবানের নির্দেশনা প্রদান করা হয়।	দরপত্র প্রাক্কলন অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত টেন্ডার আহবান করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন
২.৭ দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-১)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের আওতায় মোট প্যাকেজ সংখ্যা ৩টি। ১নং প্যাকেজের মূল সেতুর দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদিত হওয়ার ইতিমধ্যে কার্যচুক্তি স্বাক্ষরকরতঃ কার্যাদেশ প্রদান করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান সাইট মোবিলাইজেশন কাজ শুরু করেছে। ২নং প্যাকেজ পাউবো রক্ষাপ্রদ কাজ করবে এবং ৩নং প্যাকেজের নির্মাণ তদারিক পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সমাপ্ত হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে।	ঠিকাদারের সাথে কর্মপরিকল্পনা চূড়ান্ত করে বাস্তবায়ন কার্যক্রম শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন
২.৮ বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কি: মি: সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-৩)	সভায় জানানো হয় যে, দ্রুত দরপত্র আহবান নিশ্চিত করার লক্ষ্যে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।	দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদার নিয়োগ চূড়ান্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন
২.৯ বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (প্রতিশ্রুতি ক্রম ৪)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের ৫টি প্যাকেজের দরপত্র আহ্বানপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে।	ঠিকাদারের সাথে কর্মপরিকল্পনা চূড়ান্তকরতঃ বাস্তবায়ন কার্যক্রম শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক
২.১০ বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (প্রতিশ্রুতি ক্রম ২৬)	প্রকল্প পরিচালক জানান যে, ভূমি অধিগ্রহণ কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক
২.১১ লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়ক	সভাকে জানানো হয় যে, ভূমি অধিগ্রহণ এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্পের ৪টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়াধীন। আহ্বানকৃত ২টি প্যাকেজের দরপত্রের মধ্যে ১টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন।	দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করে প্রকল্পের আওতায় নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌলী, গোপালগঞ্জ জোন

২.১২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অন্যান্য নির্দেশনা/অনুশাসনসমূহ	**এক্সেল লোড নিয়ন্ত্রণঃ** এক্সেল লোড নিয়ন্ত্রণে ইতোমধ্যে গৃহীত প্রকল্পের অগ্রগতির তথ্য বিস্তারিত আকারে পরবর্তী সভায় উপস্থাপনে নির্দেশনা প্রদান করা হয়। **মহাসড়কে বিশ্রামাগার নির্মাণঃ** মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী মহাসড়কে বিশ্রামাগার নির্মাণে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। **বাস-বে নির্মাণঃ** ইতোমধ্যে যে সকল চলমান প্রকল্পে বাস-বে নির্মাণের সংস্থান রয়েছে তার তালিকা ডাটাবেজ আকারে সংরক্ষণের নির্দেশনা দেয়া হয়। **বৃক্ষরোপণঃ** মহাসড়কের দু'পাশে বৃক্ষরোপণের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কি-না সে সম্পর্কে মাঠ পর্যায় থেকে প্রতিবেদন সংগ্রহ করে এ বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। **সাইন, সিগন্যাল, রোডমার্কিং ইত্যাদি স্থাপনঃ** সভায় অবহিত করা হয় যে, গৃহীত প্রকল্পসমূহে সড়কে পর্যাপ্ত সাইন, সিগন্যাল, রোডমার্কিং এর সংস্থান রাখা হচ্ছে।	ক) এক্সেল লোড নিয়ন্ত্রণে ইতোমধ্যে গৃহীত প্রকল্পের অগ্রগতির তথ্য বিস্তারিত আকারে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী মহাসড়কে বিশ্রামাগার নির্মাণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) ইতোমধ্যে যে সকল চলমান প্রকল্পে বাস-বে নির্মাণের সংস্থান রয়েছে তার তালিকা ডাটাবেজ আকারে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ) মহাসড়কের দু'পাশে বৃক্ষরোপণের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কি-না সে সম্পর্কে মাঠ পর্যায় থেকে প্রতিবেদন সংগ্রহ করে এ বিভাগে প্রেরণ করতে হবে। ঙ) সড়ক নিরাপত্তা বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে পর্যাপ্ত এবং আধুনিক সাইন, সিগন্যাল ও রোড মার্কিং এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর

৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে আরো আন্তরিক ও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২২.১৯.৬৪

তারিখ: ২৩ মাঘ ১৪২৬
০৬ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৫) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান